গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর
www.ghoraghat.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৪৩.০০০.৩৭.০০২.২৬- ৭৪ তারিখঃ ২৭/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

## বাংলা ১৪৩৩ সনের জন্য হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, ঘোড়াঘাট উপজেলাধীন নিম্নে উল্লিখিত হাট-বাজারসমূহ সরকারি বিধি মোতাবেক বাংলা ১৪৩৩ (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১৪৩৩) সনের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল ও শর্ত সাপেক্ষে সীলমোহর যুক্ত পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, সহকারী কমিশনার (ভূমি)-র কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুরে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ০৪.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, সহকারী কমিশনার (ভূমি)-র কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর, ঘোড়াঘাট থানা, সোনালী ব্যাংক পিএলসিঃ, ওসমানপুর শাখা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুর হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন ক্রয় করা যাবে। ক্যালেন্ডারে বর্ণিত যে তারিখে দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে ঐ সিডিউল পরবর্তী তারিখের জন্য ব্যবহার করা যাবে না।

### হাট-বাজারের তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ইজারার জন্য সরকারি মূল্য (ধর্তব্যমূল্য) | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | বুলাকিপুর | ১। হরিপাড়া হাট-বাজার<br>২। বলগাড়ী হাট-বাজার | ১,৩১,৮৩৩/-<br>৯,৭৫,২০০/- | ১,০০০/-<br>২,৬০০/- | |
| ২। | পালশা | ৩। ডুগডুগী হাট-বাজার<br>৪। গোপালপুর হাট-বাজার | ১৭,৮৩,৩৮৩/-<br>৮২,৩৩৩/- | ৪,২০০/-<br>৫০০/- | |
| ৩। | সিংড়া | ৫। রাণীগঞ্জ হাট-বাজার<br>৬। চাঁদপাড়া-হাট-বাজার | ৭,৪৭,৩৩,৩৩৩/-<br>৭৮,৩৩৩/- | ১,৫০,২০০/-<br>৫০০/- | |
| ৪। | ঘোড়াঘাট | ৭। বলাহার হাট-বাজার | ৩,৭১,১৬৭/- | ১,৪০০/- | |

### দরপত্র দাখিলের সময়সূচী (ক্যালেন্ডার)

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| | | | সকাল ১০.০০ টা হইতে বেলা ০১.৩০ টা পর্যন্ত | বিকাল ০৪.৩০ টায় |
| ১ম বার | ২৩/০২/২০২৬ | ২৪/০২/২০২৬ | ঐ | ঐ |
| ২য় বার | ০৪/০৩/২০২৬ | ০৫/০৩/২০২৬ | ঐ | ঐ |
| ৩য় বার | ১১/০৩/২০২৬ | ১২/০৩/২০২৬ | ঐ | ঐ |

বিঃদ্রঃ ১ম বারে ইজারা প্রদান করা সম্ভব না হলে দরপত্রে উল্লিখিত পরবর্তী তারিখসমূহে ক্রমান্বয়ে ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

-চলমান পাতা-

উল্লেখ্য যে, (১) দরপত্র দাতাকে উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর বরাবর দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ যে কোন সিডিউল ব্যাংকের ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

(২) দরপত্র গৃহীত হবার পর অফার লেটার প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে **অবশিষ্ট ৮০% অর্থ** এবং **এতদসঙ্গে ইজারামূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর** পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। এছাড়াও সরকার কর্তৃক জারিকৃত বিভিন্ন সময়ে আইন ও বিধি দ্বারা আরোপিত সকল প্রকার কর পরিশোধযোগ্য হবে।

(৩) দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্যাবলী অফিস চলাকালীন উপরোক্ত অফিস সমূহ হতে জানা যাবে। এছাড়াও হাট বাজার ইজারা সংক্রান্ত যেকোন তথ্য ও শর্তাবলী www.ghoraghat.dinajpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে

(৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(৫) সময়ে সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত সকল বিধি-নিষেধ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

২৭/০১/২৬

রুবানা তানজিন
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর
ফোন: +৮৮০২৫৮৮৮৭৮৫৩০
unoghoraghat@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৪৩.০০০.৩৭.০০২.২৬-৭৪ তারিখ: ২৭/০১/২০২৬ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩। জেলা প্রশাসক, দিনাজপুর
৪। পুলিশ সুপার, দিনাজপুর
৫। সিভিল সার্জন, দিনাজপুর
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), দিনাজপুর
৯। প্রশাসক, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর
১০। উপজেলা নির্বাহী অফিসার..................................................(সকল), দিনাজপুর
১১। প্রশাসক.................................................................. পৌরসভা, দিনাজপুর
১২। সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর
১৩। অফিসার ইনচার্জ, ঘোড়াঘাট, দিনাজপুর
১৪। উপজেলা...........................................................কর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুর
১৫। চেয়ারম্যান/সচিব..........................................(সকল), ইউপি, ঘোড়াঘাট, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর এলাকায় ঢোল শহরত ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারসহ নোটিশ বোর্ডে টাংগানোর জন্য অনুরোধ করা হলো
১৬। ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, ওসমানপুর শাখা, ঘোড়াঘাট, দিনাজপুর
১৭। সম্পাদক,.................................................................... তাকে জরুরিভিত্তিতে স্বল্প পরিসরে বিজ্ঞপ্তিটি (৮ইঞ্চি×৪ কলাম) ০১ (এক) দিন পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা,....................................ইউনিয়ন ভূমি অফিস, ঘোড়াঘাট, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর এলাকায় ঢোল শহরত ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
১৯। ইজারাদার...............................................................................
২০। জনাব, ...................................................................................
২১। অফিস কপি।

২৭/০১/২৬

রুবানা তানজিন
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর

# বাংলা ১৪৩৩ সনের হাট বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন ০২ (দুই) কপি (গেজেটেট অফিসার কর্তৃক সত্যায়িত) ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

৩। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৪। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮০% (আশি ভাগ) অর্থ, **মোট প্রদত্ত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে** অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে। এছাড়াও সরকার কর্তৃক জারীকৃত বিভিন্ন সময়ে আইন ও বিধি দ্বারা আরোপিত সকল প্রকারের কর পরিশোধযোগ্য হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের কাঙ্খিত ইজারা মূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর কাঙ্খিত ইজারা মূল্য (সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন।

৯। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল করা হইবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করিবেন।

১৫। কোন প্রকার ঘসা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদার কে প্রদান করা হইবে।

১৭। হাট-বাজারের ইজারার টাকা যথা সময়ে পরিশোধ না করলে সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৮। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৯। ইজারার মেয়াদ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট হাট ও বাজারের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে এবং ইজারা মেয়াদ শেষে কোন হাট ও বাজারের উপর ইজারাগ্রহীতার কোন প্রকার দাবি বা অধিকার বা স্বত্ব থাকিবেনা এবং উক্ত হাট ও বাজারের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে হাট ও বাজার ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ন্যাস্ত হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১। সময়ে সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত সকল বিধি-নিষেধ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

Rubana 29/07/25


রুবানা তানজিন
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর
ফোন: +৮৮০২৫৮৮৮৭৮৫৩০
unoghoraghat@mopa.gov.bd